স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১৫ ও জুন, ২০১৬

বাংলা (Bengali)

ঐচ্ছিক পাঠক্রম (Elective)

সপ্তম পত্র (7th Paper : **Lokasahitya Ebong Bharatiya Sahitya**)

সময় ঃ চার ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

বিভাগ – ক

(লোকসাহিত্য : ৫০)

১। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ১ = ২০

(ক) লোকসংস্কৃতির সংজ্ঞা ও বৈশিষ্ট্য সম্পর্কে উদাহরণসহ আলোচনা করুন।

(খ) লোকসাহিত্যের অন্তর্গত ছড়ার বৈশিষ্ট্য আলোচনা করে বাংলা ছড়ার বিষয়-বৈচিত্র্য সম্পর্কে একটি নিবন্ধ লিখুন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(গ) বাংলা ব্রতগুলির শ্রেণিবিভাগ সম্পর্কে উদাহরণসহ আলোচনা করুন।

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ২৫০ শব্দে) ঃ

১০ × ২ = ২০

(ক) বাংলা লোককথার নানা রূপ সম্পর্কে আলোচনা করুন।

(খ) বাংলা প্রবাদের বিষয়-বৈচিত্র্য সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করুন।

(গ) শিষ্টসাহিত্য ও লোকসাহিত্যের পার্থক্যগুলি আলোচনা করুন।

(ঘ) বাংলা লোকসঙ্গীতের আঞ্চলিক বিভাজনগুলি সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করুন।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৫০ শব্দে) ঃ

৫ × ২ = ১০

(ক) টীকা লিখুন : আলকাপ অথবা 'বাংলার ব্রত' গ্রন্থ।

(খ) পাশ্চাত্য ব্যালাড ও বাংলা গীতিকার মূল পার্থক্য লিখুন।

(গ) ধাঁধার গঠন সম্পর্কে অতি সংক্ষিপ্ত আলোচনা করুন।

(ঘ) বাংলার লোকসাহিত্য সংগ্রাহক দীনেশচন্দ্র সেন সম্পর্কে একটি টীকা লিখুন।

বিভাগ – খ

(আধুনিক ভারতীয় সাহিত্য : ৫০)

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ১ = ২০

(ক) আধুনিক ভারতীয় সাহিত্য পাঠের তাৎপর্য আলোচনা করুন।

(খ) 'সদ্‌গতি' গল্পটি ভারতীয় সমাজে প্রচলিত অস্পৃশ্যতার জীবন্ত চিত্র — যুক্তিসহ আলোচনা করুন।

(গ) 'চোপ আদালত চলছে' নাটকে লীনা বেনারের জীবনের মর্মান্তিক জীবনাভিজ্ঞতা চিত্রিত হয়েছে। নাটকের ভাববস্তু বিশ্লেষণ করে দেখান এই চিত্রায়ন কতখানি সফল।

৫। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ২৫০ শব্দে) ঃ

১০ × ২ = ২০

(ক) আধুনিক কালের ভারতীয় সাহিত্য বলতে আপনি কী বোঝেন সংক্ষেপে আলোচনা করুন।

(খ) 'কুঞ্জবনের ক্ষ্যাপা' গল্পে ব্যবহৃত গানটির ভূমিকা কতখানি তাৎপর্যপূর্ণ আলোচনা করুন।

(গ) 'চেম্মিন' উপন্যাসে উপস্থাপিত সমুদ্রতীরবর্তী জেলে জীবনের ওপর লোকসংস্কারের প্রভাব সম্পর্কে আলোচনা করুন।

(ঘ) 'চোপ আদালত চলছে' নাটকের পার্শ্বচরিত্রগুলির গুরুত্ব আলোচনা করুন।

৬। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৫০ শব্দে) ঃ

৫ × ২ = ১০

(ক) 'বাচ্চা' গল্পে উল্লিখিত তিনজন মায়ের পরিচয় লিখুন।

(খ) কারুতাম্মা চরিত্রটি সম্পর্কে অতি সংক্ষিপ্ত আলোচনা করুন।

(গ) 'ম্যাজিক রিয়্যালিজম' কাকে বলে ?

(ঘ) মহারাষ্ট্র সরকারের মঞ্চাভিনয় সংক্রান্ত আইন কেন বদলাতে হয়েছিল ?